

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৩৪৩৭

৬০/ আম্বিয়া কিরাম ('আঃ) (১যাণ أحاديث الأنبياء)

পরিচ্ছেদঃ ৬০/৪৮. মহান আল্লাহর বাণীঃ আর এ কিতাবে বর্ণনা করুন মারইয়ামের কথা, যখন সে নিজ পরিবারের লোকদের থেকে পৃথক হলো। (মারইয়াম ১৬)

بَابُ قَوْلِ اللهِ وَاذْكُرْ فِي الْكِتَابِ مَرْيَمَ إِذِ انْتَبَذَتْ مِنْ أَهْلِهَا

আরবী

حَدَّتَنِيْ إِبْرَاهِیْمُ بْنُ مُوْسَى أَخْبَرَنَا هِشَامٌ عَنْ مَعْمَرٍ وَحَدَّتَنِيْ مَحْمُوْدٌ حَدَّتَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنِيْ سَعِیْدُ بْنُ الْمُسَیَّبِ عَنْ أَبِيْ هُرَیْرَةَ قَالَ قَالَ رَسُوْلُ أَخْبَرَنِيْ سَعِیْدُ بْنُ الْمُسَیَّبِ عَنْ أَبِيْ هُرَیْرَةَ قَالَ وَاللهِ صلى الله علیه وسلم لَیْلَةَ أُسْرِيَ بِهِ لَقِیْتُ مُوْسَى قَالَ فَنَعَتَهُ فَإِذَا رَجُلٌ حَسِبْتُهُ قَالَ مُضْطَرِبٌ رَجِلُ الرَّأْسِ كَأَنَّهُ مِنْ رِجَالِ شَنُوءَةَ قَالَ وَلَقِیْتُ عِیْسَى فَنَعَتَهُ النَّبِيُّ صلى الله علیه وسلم فَقَالَ رَبْعَةٌ أَحْمَرُ كَأَنَّمَا خَرَجَ مِنْ دِیْمَاسٍ یَعْنِی الْحَمَّامَ وَرَأَیْتُ إِبْرَاهِیْمَ وَأَنَا عَیْنِ أَحْمُلُ كَأَنَّمَا خَرَجَ مِنْ دِیْمَاسٍ یَعْنِی الْحَمَّامَ وَرَأَیْتُ إِبْرَاهِیْمَ وَأَنَا عَیْنِ أَحَدُهُمَا لَبَنٌ وَالْآخَرُ فِیْهِ خَمْرٌ فَقِیْلَ لِیْ خُذْ أَیّهُمَا شِئْتَ أَشَاهُ وَلَدِهِ بِهِ قَالَ وَأُتِیْتُ بِإِنَاءَیْنِ أَحَدُهُمَا لَبَنٌ وَالْآخَرُ فِیْهِ خَمْرٌ فَقِیْلَ لِیْ خُذْ أَیّهُمَا شِئْتَ فَا كَالَاهُ لَائِنُ فَشَرِبْتُهُ فَقِیْلَ لِیْ هُدِیْتَ الْفِطْرَةَ أَوْ أَصَبْتَ الْفِطْرَةَ أَمَا إِنَّكَ لَوْ أَخَذْتَ الْلَبَنَ فَشَرِبْتُهُ فَقِیْلَ لِیْ هُدِیْتَ الْفِطْرَةَ أَوْ أَصَبْتَ الْفِطْرَةَ أَمَا إِنَّكَ لَوْ أَخَذْتَ الْخَمْرَ غَوَتْ أُمَّاتُكَ

বাংলা

৩৪৩৭. আবৃ হুরাইরাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মিরাজের রাতে আমি মূসা (আঃ)-এর দেখা পেয়েছি। আবৃ হুরাইরাহ্ (রাঃ) বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম মূসা (আঃ)-এর আকৃতি বর্ণনা করেছেন। মূসা (আঃ) একজন দীর্ঘদেহধারী, মাথায় কোঁকড়ানো চুলবিশিষ্ট, যেন শানুআ গোত্রের একজন লোক। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেন, আমি 'ঈসা (আঃ)-এর দেখা পেয়েছি। অতঃপর তিনি তাঁর চেহারা বর্ণনা করে বলেছেন, তিনি হলেন মাঝারি গড়নের গৌর বর্ণবিষ্টি, যেন তিনি এই মাত্র হাম্মামখানা থেকে বেরিয়ে এসেছেন। আর আমি ইব্রাহীম (আঃ)-কেও দেখেছি। তাঁর সন্তানদের মধ্যে আকৃতিতে আমিই তার অধিক সদৃশ। নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম বলেন, অতঃপর আমার সামনে দু'টি পেয়ালা আনা হল। একটিতে দুধ, অপরটিতে শরাব। আমাকে বলা হলো, আপনি যেটি ইচ্ছা গ্রহণ করতে পারেন। আমি দুধের বাটিটি গ্রহণ করলাম আর তা পান করলাম। তখন আমাকে বলা হলো, আপনি ফিত্রাত বা স্বভাবকেই গ্রহণ করে নিয়েছেন। দেখুন! আপনি যদি শরাব গ্রহণ করতেন, তাহলে আপনার উম্মাত পথভ্রেষ্ট হয়ে যেত। (৩৩৯৪)



(আধুনিক প্রকাশনীঃ ৩১৮৩, ইসলামিক ফাউন্ডেশনঃ ৩১৯২)

English

Narrated Abu Huraira:

The Prophet (ﷺ) said, "I met Moses on the night of my Ascension to heaven." The Prophet (ﷺ) then described him saying, as I think, "He was a tall person with lank hair as if he belonged to the people of the tribe of Shanu's.' The Prophet (ﷺ) further said, "I met Jesus." The Prophet (ﷺ) described him saying, "He was one of moderate height and was red-faced as if he had just come out of a bathroom. I saw Abraham whom I resembled more than any of his children did." The Prophet (ﷺ) further said, "(That night) I was given two cups; one full of milk and the other full of wine. I was asked to take either of them which I liked, and I took the milk and drank it. On that it was said to me, 'You have taken the right path (religion). If you had taken the wine, your (Muslim) nation would have gone astray."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন